



দা American Rescue Plan বেশিরভাগ নিউ ইয়র্কবাসীদের জন্য হেলথ কভারেজের খরচ কম করেছে

NY State of Health

নতুন আর্থিক সহায়তা বুঝতে,
আপনার ট্যাক্সের ক্রেডিট পরিমাণ
আপডেট করতে, এবং একটি স্বাস্থ্য
পরিকল্পনা কেনাকাটা করতে ও বেছে
নিতে আপনাকে সাহায্য করতে পারে।

NY State of Health-এর সাথে যোগাযোগ করুন:



অনলাইনে সংযুক্ত হোন:

nystateofhealth.ny.gov



গ্রাহক পরিষেবা কেন্দ্রে ফোন করুন:

1-855-355-5777

(TTY: 1-800-662-1220) নম্বরে



একজন নথিভুক্তকরণে সহায়তাকারীর থেকে

বিনামূল্যে সাহায্য পান। এখানে খুঁজে দেখতে

পারেন: [info.nystateofhealth.](mailto:info.nystateofhealth.ny.gov)

[ny.gov/findassistor](https://nystateofhealth.ny.gov/findassistor)

দা American Rescue Plan সম্পর্কে আরো

জানতে, অনুগ্রহ করে যান এখানে:

[https://info.nystateofhealth.ny.gov/
AmericanRescuePlan](https://info.nystateofhealth.ny.gov/AmericanRescuePlan)

নতুন আর্থিক সহায়তা বোঝা

- দা American Rescue Plan আইন হিসেবে স্বাক্ষর করা হয়েছিল 11 মার্চ, 2021 তারিখে। এর মধ্যে রয়েছে NY State of Health-এর মাধ্যমে স্বাস্থ্য বিমায় নিউ ইয়র্কবাসীদের নথিভুক্ত করার জন্য নতুন এবং বৃহত্তর আর্থিক সহায়তা।
- এই আর্থিক সহায়তা **প্রথমবারের জন্য উচ্চ-আয়ের ব্যক্তিরা সহ, বর্তমান ও নতুন নথিভুক্তকারীদের** জন্য উপলব্ধ।
- বৃহত্তর ট্যাক্স ক্রেডিট **এখন** কম ও মাঝারি আয়ের নিউ ইয়র্কবাসীদের জন্যও উপলব্ধ। একজন ব্যক্তির ক্ষেত্রে, এটি হল প্রতি বছরে \$51,040 পর্যন্ত আয়। চারজনের একটি পরিবারের ক্ষেত্রে, এটি হল প্রতি বছরে \$104,800 পর্যন্ত আয়।
- **জুন** থেকে শুরু হয়ে, নতুন ট্যাক্স ক্রেডিট সেইসব নিউ ইয়র্কবাসীদের জন্য উপলব্ধ হবে যাদের আয় এই পরিমাণগুলির চেয়ে বেশি।
- NY State of Health-এর থেকে কখন এই পরিবর্তনগুলি ঘটবে এবং আপনাকে কী করতে হবে এই নিয়ে আপনাকে সতর্ক করা বিজ্ঞপ্তি ও ইমেইলগুলির উপর চোখ রাখুন।

NY State of Health প্রযোজ্য ফেডারেল নাগরিক অধিকার এবং স্টেটের আইন মেনে চলে এবং জাতি, বর্ণ, জাতীয় উৎস, ধর্মবিশ্বাস/ধর্ম, লিঙ্গ, বয়স, বৈবাহিক/পারিবারিক অবস্থা, প্রতিবন্ধকতা, গর্ভাবস্থা, গ্রেপ্তারির রেকর্ড, অপরাধের জন্য দোষী সাব্যস্ত, লিঙ্গ পরিচয়, যৌন প্রবৃত্তি, পূর্বনির্ধারিত জিনগত বৈশিষ্ট্য, সামরিক পদমর্যাদা, গার্হস্থ্য সহিংসতার শিকার স্থিতি এবং/অথবা প্রতিশোধের ভিত্তিতে বৈষম্যতা করে না।

দা American Rescue Plan বেশিরভাগ নিউ ইয়র্কবাসীদের জন্য হেলথ কভারেজ-এর খরচ কম করেছে

আপনাকে কী জানতে হবে:

আপনি ইতিমধ্যে NY State of Health-এর মাধ্যমে কোনো প্লানে নথিভুক্ত থাকলে এবং আর্থিক সহায়তা পেয়ে থাকলে:

- আপনি এখন আরো বেশি আর্থিক সহায়তা পাওয়ার যোগ্য।
- NY State of Health আপনার নতুন, বৃহত্তর ট্যাক্স ক্রেডিট পরিমাণের সাথে এপ্রিলের শুরুতে চিঠি পাঠানো শুরু করেছে। আপনার ট্যাক্স ক্রেডিট পরিমাণ আপডেট করার জন্য চিঠিতে থাকা নির্দেশিকা অনুসরণ করুন।
- আপনি জুনের মধ্যে আপনার ট্যাক্স ক্রেডিট পরিমাণ আপডেট না করলে, NY State of Health স্বয়ংক্রিয়ভাবে আপনার হয়ে তা বাড়িয়ে দেবে। আপনার NY State of Health অ্যাকাউন্টে লগ ইন করে, আপনার নথিভুক্তকরণে সহায়তাকারীর সাথে যোগাযোগ করে, অথবা 1-855-355-5777 নম্বরে কল করে আপনার পরিবর্তনগুলি করার সুযোগ রয়েছে।

আপনি একটি NY State of Health-এর আবেদন শুরু করেছিলেন কিন্তু কোনো স্বাস্থ্য প্লানে নথিভুক্ত না করে থাকলে:

- যদি আপনাকে আগে বলা হয়ে থাকে যে আপনি আর্থিক সহায়তা পাওয়ার যোগ্য ছিলেন, তাহলে আপনি এখন সম্ভবত আরো বেশি পাওয়ার যোগ্য। এখনই আপনার NY State of Health অ্যাকাউন্টে পুনরায় লগ ইন করুন এবং দেখুন আপনি বৃহত্তর ট্যাক্স ক্রেডিট পাওয়ার যোগ্য কিনা, তারপর একটি প্লান কিনুন ও বেছে নিন।
- আপনাকে যদি আগে বলা হয়ে থাকে যে আপনি আর্থিক সহায়তা পাওয়ার যোগ্য ছিলেন না, তাহলে আপনি হয়তো এর যোগ্য নাও হতে পারেন। জুনে আপনার NY State of Health অ্যাকাউন্টে পুনরায় লগ ইন করুন এবং দেখুন আপনি বৃহত্তর ট্যাক্স ক্রেডিট পাওয়ার যোগ্য কিনা, তারপর একটি প্লান কিনুন ও বেছে নিন।

আপনি ইতিমধ্যে NY State of Health-এর মাধ্যমে কোনো প্লানে নথিভুক্ত থাকলে এবং আর্থিক সহায়তা না পেয়ে থাকলে:

- আপনি এখন প্রিমিয়াম ট্যাক্স ক্রেডিটের যোগ্য হতে পারেন।
- এই ট্যাক্স ক্রেডিটগুলি জুন থেকে উপলব্ধ হবে। NY State of Health আপনার নতুন ট্যাক্স ক্রেডিট পরিমাণ জানিয়ে আপনাকে একটি চিঠি পাঠাবে। কিভাবে আপনার ট্যাক্স ক্রেডিটের জন্য আবেদন করতে হবে তার নির্দেশিকা উপলব্ধ হবে এখানে <https://info.nystateofhealth.ny.gov/AmericanRescuePlan>

আপনি ইতিমধ্যে NY State of Health-এর মাধ্যমে কোনো প্লানে নথিভুক্ত না থাকলে এবং কখনও আবেদন না করে থাকলে:

- আপনি কী পাওয়ার যোগ্য তা দেখার জন্য এখনই আবেদন করুন এখানে nystateofhealth.ny.gov। বেশিরভাগ নিউ ইয়র্কবাসী কম খরচের বা বিনামূল্যের কভারেজ পাওয়ার যোগ্য। আপনার আয় কম বা মাঝারি (একজন ব্যক্তির ক্ষেত্রে প্রতি বছরে \$51,040 পর্যন্ত, বা চারজনের এক পরিবারের ক্ষেত্রে \$104,800 পর্যন্ত) হলে এখন বর্ধিত আর্থিক সহায়তা উপলব্ধ রয়েছে।
- আপনার আয় বেশি (একজন ব্যক্তির ক্ষেত্রে প্রতি বছরে \$51,040-এর বেশি, বা চারজনের এক পরিবারের ক্ষেত্রে প্রতি বছরে \$104,800-এর বেশি) হলে, এই সুবিধাগুলি জুন থেকে NY State of Health-এর মাধ্যমে উপলব্ধ হবে।